অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 9/23/2021 **গভর্নর ক্যাথি হোচুল**

গভর্নর হোচুল হারিকেন আইডার অবশিষ্টাংশের দ্বারা সৃষ্ট বন্যায় ক্ষতিগ্রস্ত পরিবারগুলিকে 500 ম্যাট্রেস দান করার জন্য ম্যাট্রেস ফার্ম, ইনকর্পোরেশন, হ্যাবিট্যাট ফর হিউম্যানিটি নিউ ইয়র্ক সিটি এবং ওয়েস্টচেস্টার কাউন্টি এবং নিউ ইয়র্ক স্টেটের মধ্যে অংশীদারিত্বের ঘোষণা দিয়েছেন

ঐতিহাসিক বন্যায় জিনিসপত্র হারানো পরিবারগুলিকে 500 ম্যাট্রেস দান করা হবে।

ছবি পাওয়া যাবে এখানে

গভর্নর ক্যাথি হোচুল আজকে ঘোষণা করেছেন যে ম্যাট্রেস ফার্ম, ইনকর্পোরেশন (Mattress Firm, Inc.), হ্যাবিট্যাট ফর হিউম্যানিটি নিউ ইয়র্ক সিটি (Habitat for Humanity New York City) এবং ওয়েস্টচেস্টার কাউন্টি কুইন্সে 1 সেপ্টেম্বরের হারিকেন আইডার অবশিষ্টাংশের দ্বারা সৃষ্ট বন্যায় ক্ষতিগ্রস্ত পরিবারগুলিকে 500 ম্যাট্রেস দান করার জন্য নিউ ইয়র্ক স্টেটের অংশীদারিত্ব করেছে।

"নিউ ইয়র্কবাসীরা প্রবল বর্ষণের মারাত্মক ঢেউ এবং ঐতিহাসিক বন্যার মুখোমুখি হয় যে রাতে আইডা ডাউনস্টেট অঞ্চলে আঘাত হানে, যার ফলে বহু মানুষ ঘুম থেকে উঠে দেখতে পান যে তাদের সম্পদের অনেককিছুই ভেসে গিয়েছে বা ধ্বংস হয়ে গিয়েছে," **গভর্নর হোচুল বলেন।**"কিন্তু সব সময়ের মতই তারা তাদের প্রতিবেশীদের পরিষ্কার, পুনর্নির্মাণ এবং জীবন পুনরুদ্ধারে সহায়তা করেছে। এবং এখন, ম্যাট্রেস ফার্ম এবং হ্যাবিট্যাট ফর হিউম্যানিটি NY এর বদান্যতায় আমরা অনেক কিছু হারানো মানুষদের কিছুটা আশা দিতে পারছি - তাদের মাথা রাখার জন্য একটি নতুন ম্যাট্রেস।"

কুইন্সের ইস্ট এল্মহার্স্ট এলাকার ফার্স্ট ব্যাপটিস্ট চার্চে বুধবার এবং বৃহস্পতিবার ম্যাট্রেসগুলি বিতরণ করা হয়।

ম্যাট্রেস ফার্ম ইনকর্পোরেশনের সভাপতি এবং প্রধান নির্বাহী কর্মকর্তা (CEO) জন এক বলেন, "ম্যাট্রেস ফার্মে আমাদের সংস্কৃতির অংশ হল হৃদয় এবং মানবতার সাথে নেতৃত্ব দেওয়া। তাই আমরা যেখানে বসবাস করি এবং কাজ করি সেখাঙ্কার সম্প্রদায়ে বিনিয়োগ করার জন্য আমরা বদ্ধপরিকর। অভাবী নিউ ইয়র্কবাসীদের মধ্যে 500 ম্যাট্রেস দান করার মাধ্যমে তাদের কষ্টের সামান্য একটা অংশ থেকে উত্তরণে সাহায্য করতে পারা সম্মানের বিষয়। আমরা রাতের ভালো ঘুমের গুরুত্ব বুঝি, বিশেষ করে এমন কষ্টের সময়ে।"

হ্যাবিট্যাট ফর হিউম্যানিটি নিউ ইয়র্ক সিটি এবং ওয়েস্টচেস্টার কাউন্টির CEO ক্যারেন হেকক্র বলেন, "ঝড়ের ক্ষয়ক্ষতির গোপন খরচ, যেমন ম্যাট্রেস সহ উচ্চ মূল্যের গৃহস্থালি সরঞ্জাম প্রতিস্থাপন, প্রায়ই দুর্যোগের মুখোমুখি হওয়া মানুষগুলোর উপরে অতিরিক্ত দুশ্চিন্তা আরোপ করে। গভর্নর হোচুল এবং সিটি, স্টেট এবং ফেডারেল পর্যায়ে আমাদের অংশীদারদের সাথে কাজ করে আমাদের প্রতিবেশীদের কিছুটা স্বস্তি দিতে আমাদের দায়িত্ব পালন করতে পেরে আমরা সম্মানিত। আমরা যেভাবেই সাহায্য করতে পারি না কেন, সেভাবে সেবা করতে পেরে আনন্দিত।"

কুইন্স বরোর প্রেসিডেন্ট ডোনোভান রিচার্ডস বলেন, "কুইন্স বরোতে আমরা একে অপরকে সাহায্য করি, এবং কুইন্সে আইডার দ্বারা ক্ষতিগ্রস্ত পরিবারগুলির জন্য 500 ম্যাট্রেসের ব্যবস্থা করার জন্য আমরা গভর্নর হোচুল, ম্যাট্রেস ফার্ম এবং হ্যাবিট্যাট ফর হিউম্যানিটি NYC এবং ওয়েস্টচেস্টারের কাছে গভীরভাবে কৃতজ্ঞ। আইডার বিধ্বংসী বন্যার পর অনেক বাসিন্দারা অভাবে রয়েছেন, তাই এই দুর্যোগের পর আমাদের পরিবারগুলি যাতে পুনরুদ্ধার করতে পারে তা নিশ্চিত করতে আমার অফিস সকল প্রচেষ্টা করবে।"

গভর্নর ক্যাথি হোচুল সেপ্টেম্বর 6 তারিখে ঘোষণা করেছেন যে প্রেসিডেন্ট বাইডেন একটি ত্বরান্বিত প্রধান দুর্যোগের ঘোষণা অনুমোদন করেছেন যা স্থানীয় সরকার এবং নিউ ইয়র্কবাসীদের জন্য ফেডারেল আর্থিক ত্রাণ প্রদান করতে সহায়তা করবে এবং হারিকেন আইডার অবশিষ্টাংশের কারণে সৃষ্ট বন্যার ফলে হওয়া ক্ষতি থেকে পুনরুদ্ধার করছে এমন যোগ্য নিউ ইয়র্কবাসীদের জন্য ব্যক্তিগত ও সরকারি সহায়তা প্রদান করবে। স্বতন্ত্র ও সরকারি সহায়তার ঘোষণার আওতায় থাকা কাউন্টিগুলির মধ্যে রয়েছে: ব্রঙ্কস, কুইন্স, কিংস, রিচমন্ড এবং ওয়েস্টচেস্টার। এই সময়ে, নিউ ইয়র্ক কাউন্টি কেবল সরকারি সহায়তার জন্য অন্তর্ভুক্ত হয়েছে। নিউ ইয়র্কবাসীরা যাতে তাদের প্রয়োজনীয় অতিরিক্ত ত্রাণ পান তা নিশ্চিত করতে গভর্নর ফেডারল এমার্জেন্সি ম্যানেজমেন্ট এজেন্সি (Federal Emergency Management Agency, FEMA) এবং ফেডারেল, রাজ্য এবং স্থানীয় অংশীদারদের সাথে কাজ করা চালিয়ে যাবেন। যে নিউ ইয়র্কবাসীরা বাস্তুচ্যুত হয়েছেন, যাদের মধ্যে আছে বিমাহীন পরিবারগুলি, তারা আবাসন সহায়তার জন্য তহবিলের জন্য যোগ্য হবেন, এবং তার সাথে সংকটকালীন পরামর্শ, বেকারত্ব সহায়তা, বাড়ির মেরামত এবং আইনি পরিষেবা জন্যও যোগ্য হবেন।

ম্যাট্রেস ফার্ম, ইনকর্পোরেশন সম্পর্কে

ম্যাট্রেস ফার্ম, ইনকর্পোরেশন 90 বছরের বেশি সময় ধরে ব্যবসা করছে এবং 2,400 এর বেশি এলাকায় অবস্থিত তাদের দোকানগুলি বছরে 3 মিলিয়নের বেশি মানুষকে ঘুমের জন্য প্রয়োজনীয় উপকরণ সরবরাহ করছে। কমিউনিটিগুলিকে সেবা করতে প্রতিশ্রুতিবদ্ধ ম্যাট্রেস ফার্ম ফস্টার কিডস প্রোগ্রাম (Mattress Firm Foster Kids program) টিকেট টু ড্রিম ফাউন্ডেশনের (Ticket to Dream Foundation) সাথে অংশীদারিত্বে স্থানীয় ফস্টার কেয়ার অলাভজনক সংস্থার সাথে অংশীদারিত্ব করেছে ফস্টার কেয়ারে থাকা শিশুদের ভালো ঘুমের ব্যবস্থা করার জন্য, যাতে তারা একটি উন্নত ভবিষ্যতের রূপ দিতে পারে। আরও তথ্যের জন্য www.mattressfirm.com দেখুন।

হ্যাবিট্যাট ফর হিউম্যানিটি নিউ ইয়র্ক সিটি এবং ওয়েস্টচেস্টার কাউন্টি সম্পর্কে

হ্যাবিট্যাট ফর হিউম্যানিটি নিউ ইয়র্ক সিটি এবং ওয়েস্টচেস্টার কাউন্টি কঠোর পরিশ্রমী পরিবারগুলির জন্য সাশ্রয়ী বাড়ি নির্মাণ এবং সংস্কার এবং সকল নিউ ইয়র্কবাসীদের সাশ্রয়ী আবাসনের সমস্যার বিষয়ে একত্রিত করার মাধ্যমে জীবন এবং কমিউনিটিগুলিকে রূপান্তর করে। প্রতি বছর হাজার হাজার স্বেচ্ছাসেবকের সাহায্যে হ্যাবিট্যাট ফর হিউম্যানিটি নিউ ইয়র্ক সিটি এবং ওয়েস্টচেস্টার অঞ্চলজুড়ে পরিবারগুলির জন্য বাড়ি নির্মাণ এবং মেরামত করে। আরও জানতে www.HabitatNYCWC.org দেখুন এবং আমাদের সাথে ফেসবুকে সংযুক্ত হন অথবা টুইটার এবং ইনস্টাগ্রামে @HabitatNYC_WC ঠিকানায় আমাদের ফলো করুন।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ

নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন